পড়ব বই, গড়ব দেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।
www.publiclibrary.gov.bd, Fax # 58611775

## ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' উদ্‌যাপনের লক্ষ্যে -এ সংক্রান্ত জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ বদরুল আরেফীন
সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ : ০৪ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ।
সভার সময় : বিকাল ০৪.০০ টা।
সভার স্থান : সম্মেলন কক্ষ, গণগ্রন্থাগার অধিদপ্তর।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

আগামী ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' উদ্‌যাপনের লক্ষ্যে এ সংক্রান্ত জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভা ০৪ জানুয়ারি, ২০২১ তারিখে গণগ্রন্থাগার অধিদপ্তরে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| ১. | প্রতিপাদ্য বিষয়/স্লোগান নির্ধারণ | সভায় সদস্য-সচিব প্রতিপাদ্য বিষয়ে উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' এর জন্য খসড়া প্রতিপাদ্য বিষয় প্রেরণের নিমিত্ত দেশের সকল পর্যায়ের সরকারি গণগ্রন্থাগারসমূহে পত্র প্রেরণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে বিভিন্ন সরকারি গণগ্রন্থাগার থেকে মোট ৭৭টি খসড়া প্রতিপাদ্য বিষয় পাওয়া গেছে। অতঃপর ৭৭টি খসড়া প্রতিপাদ্য বিষয় যাচাই-বাছাইপূর্বক একটি সংক্ষিপ্ত তালিকা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | আগামী ০৭/১/২০২১ খ্রি. তারিখের মধ্যে খসড়া প্রতিপাদ্য বিষয়ের সংক্ষিপ্ত তালিকা গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' এর জন্য একটি প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ২. | জাতীয়/বিভাগীয় /জেলা পর্যায়ে র‍্যালির আয়োজন | 'জাতীয় গ্রন্থাগার দিবস' উপলক্ষে প্রতি বছর জাঁকজমক ও উৎসাহ-উদ্দীপনার সাথে জাতীয়, বিভাগীয় ও জেলা পর্যায়ে বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়ে থাকে। বর্তমানে বিশ্বব্যাপী করোনা (কোভিড-১৯) ভাইরাসের প্রাদুর্ভাবের বিষয়টি বিবেচনায় রেখে এ বছর র‍্যালির আয়োজন না করার পক্ষে উপস্থিত সকলে মত প্রকাশ করেন। | বিশ্বব্যাপী করোনা (কোভিড-১৯) ভাইরাসের প্রাদুর্ভাবের বিষয়টি বিবেচনা করে এ বছর দিবসটি উদ্‌যাপনের কর্মসূচিতে 'র‍্যালি' অন্তর্ভুক্ত থাকবে না। | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ৩. | উদ্বোধন, | দিবসটি উদ্‌যাপন উপলক্ষে একটি | • গণগ্রন্থাগার অধিদপ্তরের চত্বরে বেলুন | |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে এবং উদ্বোধনী অনুষ্ঠান শেষে মুজিববর্ষের সাথে সামঞ্জস্য রেখে গ্রন্থাগারের গুরুত্ব ও তাৎপর্য বিষয়ে আলোচনা অনুষ্ঠানসহ একটি মনোজ্ঞ ধ্রুপদী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে মর্মে আলোচনা হয়।<br><br>এছাড়াও ০৬/০২/২০২১ তারিখ জাতীয় গ্রন্থকেন্দ্র এবং ০৭/০২/২০২১ তারিখ বাংলা একাডেমি কর্তৃক 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' কে কেন্দ্র করে বিশেষ আলোচনা সভা আয়োজন সম্পর্কে আলোচনা হয়। | ও ফেস্টুন উড়িয়ে বেলা ০৩:০০ টায় উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হবে।<br>• উদ্বোধনী অনুষ্ঠান শেষে মুজিববর্ষের সাথে সামঞ্জস্য রেখে গ্রন্থাগার দিবসের প্রতিপাদ্য বিষয়কে কেন্দ্র করে শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে বেলা ০৩:৩০ টায় আলোচনা সভা এবং শেষে মনোজ্ঞ ধ্রুপদী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ সকল অনুষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে অনধিক ২০০ জন অতিথিকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।<br>• আগামী ০৬/০২/২০২১ তারিখ জাতীয় গ্রন্থকেন্দ্র এবং ০৭/০২/২০২১ তারিখ বাংলা একাডেমি কর্তৃক 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' কে কেন্দ্র করে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হবে।<br>• বিভাগীয় ও জেলা পর্যায়ের স্থানীয় কমিটি স্ব-স্ব সিদ্ধান্ত অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে এ সকল অনুষ্ঠানের আয়োজন করবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান<br><br>বাংলা একাডেমি ও জাতীয় গ্রন্থকেন্দ্র<br><br>বিভাগীয়/জেলা পর্যায়ের স্থানীয় কমিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান |
| ৪. | ক্রোড়পত্র প্রকাশ | • 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' উপলক্ষে বহুল প্রচারিত দৈনিক সংবাদপত্রে ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>• ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি, সচিব মহোদয় ও গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের বাণী অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে আলোচনা হয়। | • 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' উপলক্ষে বহুল প্রচারিত দৈনিক সংবাদপত্রে ক্রোড়পত্র প্রকাশ করা হবে।<br>• ক্রোড়পত্র প্রকাশের জন্য বাণী ও নিবন্ধ সংগ্রহসহ যথাসময়ে ক্রোড়পত্র প্রকাশের নিমিত্ত গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক একটি উপ-কমিটি গঠন করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ৫. | স্মরণিকা প্রকাশ | 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়। | মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, একটি উপকমিটি গঠন করে স্মরণিকা প্রকাশের ব্যবস্থা নিবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ৬. | প্রেস কনফারেন্সসহ টিভি চ্যানেল-সমূহে বিশেষ | (১) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' এর ২/১ দিন পূর্বে প্রেস কনফারেন্স এর আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | (১) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' এর ২/১ দিন পূর্বে একটি প্রেস কনফারেন্স এর আয়োজন করা হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মহোদয়কে প্রেস | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | টকশো এবং প্রচার প্রচারণা | | কনফারেন্সে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (২) বিটিভিসহ বিভিন্ন চ্যানেলে 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' উপলক্ষে টক-শোর আয়োজন এবং বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়'কে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে অনুরোধ করা যেতে পারে। | (২) বিটিভিসহ বিভিন্ন চ্যানেলে 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' উপলক্ষে আয়োজিত টক-শো এবং বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়'কে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে। | ঐ |
| | | (৩) বিভিন্ন চ্যানেলে টক-শোসহ বিশেষ অনুষ্ঠান আয়োজনের বিষয়ে লাইব্রেরিজ আনলিমিটেড প্রজেক্ট, বৃটিশ কাউন্সিলকে অনুরোধ করা যেতে পারে। | (৩) বিভিন্ন চ্যানেলে টক-শোসহ বিশেষ অনুষ্ঠান আয়োজনের বিষয়ে লাইব্রেরিজ আনলিমিটেড প্রজেক্ট, বৃটিশ কাউন্সিলকে অনুরোধ করে পত্র দেয়া হবে। | ঐ |
| | | (৪) শহরের বিভিন্ন প্রবেশমুখ (টঙ্গী, সাইনবোর্ড, সদরঘাট, গাবতলীসহ), গুরুত্বপূর্ণ স্থান, রাস্তার মোড়, ওভারব্রিজসহ সহজে জনগণের দৃষ্টি আকর্ষিত হয় এমন স্থানসমূহ বেলুন, ব্যানার, ফেস্টুন, ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরে দিবসটি সম্পর্কে প্রচারণা জোরদার করা যেতে পারে মর্মে আলোচনা হয়। | (৪) শহরের বিভিন্ন প্রবেশমুখ (টঙ্গী, সাইনবোর্ড, সদরঘাট, গাবতলীসহ), গুরুত্বপূর্ণ স্থান, রাস্তার মোড়, ওভারব্রিজসহ সহজে জনগণের দৃষ্টি আকর্ষিত হয় এমন স্থানসমূহ বেলুন, ব্যানার, ফেস্টুন, ইত্যাদির দিয়ে ইভেন্ট ম্যানেজমেন্ট এর মাধ্যমে সজ্জিত করা হবে। | ঐ |
| | | (৫) টেলিভিশনের স্ক্রল, এফ. এম রেডিও এবং মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে প্রচার করার বিষয়ে আলোচনা হয়। | (৫) টেলিভিশনের স্ক্রল, এফ. এম রেডিও এবং মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে প্রচার করা হবে। | বিভাগীয়/জেলা পর্যায়ের স্থানীয় কমিটি এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান |
| | | (৬) জেলাসমূহে তথ্য অফিসারগণকে সংযুক্ত করে ভিডিও প্রচারসহ স্কুল-কলেজ, মাদ্রাসা, বড় বড় হাট বাজার, গুরুত্বপূর্ণ স্থানসমূহে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে ব্যাপক প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | (৬) জেলাসমূহে তথ্য অফিসারগণকে সংযুক্ত করে ভিডিও প্রচারসহ স্কুল-কলেজ, মাদ্রাসা, বড় বড় হাট বাজার, গুরুত্বপূর্ণ স্থানসমূহে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে ব্যাপক প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা। | দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্প ও জেলা সরকারি গণগ্রন্থাগারসমূহ |
| | | (৭) দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্পের গাড়িগুলো শহরের বিভিন্ন স্থানে প্রদক্ষিণ করে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে জণসাধারণকে অবহিত করতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | (৭) দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্পের গাড়িগুলো বর্ণিল সাজে সজ্জিত হয়ে শহরের বিভিন্ন স্থানে প্রদক্ষিণ করে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে জণসাধারণকে অবহিত করবে। | |
| ৭. | উপানুষ্ঠানিক পত্র প্রেরণ | ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' যথাযোগ্য মর্যাদার সাথে দেশব্যাপী উদ্‌যাপনে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে জেলা প্রশাসক এবং | ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' যথাযোগ্য মর্যাদার সাথে দেশব্যাপী উদ্‌যাপনে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে জেলা প্রশাসক এবং সংশ্লিষ্ট সিটি | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়রগণের বরাবর ডিও লেটার প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | কর্পোরেশনের মেয়রগণের বরাবর ডিও লেটার প্রেরণ করা হবে। | অধিদপ্তর |
| ৮. | জেলা কমিটি | 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' এর জন্য গঠিত জেলা পর্যায়ের কমিটি বিষয়ে আলোচনা করা হয়। | গত বছরের জন্য গঠিত জেলা পর্যায়ের কমিটি এবছরের জন্যও কার্যকর থাকবে। (কমিটি তালিকা পরিশিষ্ট 'খ' তে সংযুক্ত করা হলো) | জেলা প্রশাসকের কার্যালয় ও জেলা সরকারি গণগ্রন্থাগারসমূহ |
| ৯. | বিবিধ | (১) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসমূহ যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' গুরুত্বসহকারে পালন করে সেজন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সদস্যগণ প্রস্তাব রাখেন। | (১) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসমূহ যেন স্বাস্থ্যবিধি মেনে ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' গুরুত্বসহকারে পালন করে সেজন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর পত্র প্রেরণ করা হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| | | (২) ব্র্যাক কর্তৃক বইপাঠ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (২) ব্র্যাক আরোপিত স্বাস্থ্যবিধি মেনে বইপাঠ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতাসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করবে। | ব্র্যাক |
| | | (৩) বিভাগীয় ও জেলা কারাগারের আওতাধীন গ্রন্থাগারসমূহ যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' এর কর্মসূচি পালন করে সেজন্য কারা অধিদপ্তরে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (৩) বিভাগীয় ও জেলা কারাগারের আওতাধীন গ্রন্থাগারগুলো যেন স্বাস্থ্যবিধি মেনে ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' এর কর্মসূচি পালন করে সেজন্য কারা অধিদপ্তরকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/০১/২০২১
(মোঃ বদরুল আরেফীন)
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক: ৪৩.২৬.০০০০.০০২.২৩.৮৪১.২০২০-৮২(২৬৩)

তারিখ: ২৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
০২. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা।
০৩. মহাপরিচালক, শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
০৪. মহাপরিচালক, জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
০৫. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৬. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৭. মহাপরিচালক, বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।

০৮. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
০৯. পরিচালক, প্রশাসন ও হিসাব, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১০. পরিচালক, লাইব্রেরি উন্নয়ন ও আইসিটি, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১১. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
১২. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি,ঢাকা।
১৩. যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. প্রকল্প পরিচালক, দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্প, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৭. জেলা প্রশাসক,..........................................................................................।
১৮. প্রকল্প পরিচালক, লাইব্রেরিজ আনলিমিটেড প্রজেক্ট, বৃটিশ কাউন্সিল, ঢাকা।
১৯. পরিচালক, শিক্ষা ও সংস্কৃতি, ব্র্যাক, ঢাকা।
২০. চেয়ারম্যান, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২১. লাইব্রেরিয়ান, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, ঢাকা।
২২ পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার,..........................................................................।
২৩. সভাপতি, লাইব্রেরি এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা।
২৪. নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়,........................................।
২৫. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২৬. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), প্রশাসন ও হিসাব, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২৭. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার,.................................................................................।
২৮. লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার,...........................................................................................।
২৯. ..................................................................................................................................................................।
৩০. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়,..................................।
৩১. সভাপতি, বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব লাইব্রেরিয়ানস, ইনফরমেশন সায়েন্টিস্ট এন্ড ডকুমেন্টালিস্টস, ঢাকা।
৩২. সহকারী পরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৩৩. সহকারী পরিচালক (উন্নয়ন), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৩৪. লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩৫. লাইব্রেরিয়ান (পাঠকসেবা), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৩৬. সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৩৭. সহকারী প্রোগ্রামার, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৩৮. মেইনটেনেন্স সুপারভাইজার, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৩৯. সহকারী লাইব্রেরিয়ান (সকল), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৪০. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৪১. অফিস কপি।

২১/৪/২০২১

(মোঃ আবুবকর সিদ্দিক)
মহাপরিচালক
ফোন: ৯৬৭১২৩৪
e-mail: dg.dpl.2012@gmail.com

পরিশিষ্ট - 'ক'

পড়ব বই, গড়ব দেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

www.publiclibrary.gov.bd. Fax # 58611775

০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' উদযাপনের লক্ষ্যে জাতীয় কমিটির ০৪.০১.২০২১ তারিখের প্রস্তুতিমূলক সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| ক্র. নং | নাম, পদবী ও কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১. | আব্দুল মান্নান ইলিয়াস<br>অতিরিক্ত সচিব | 01815697138 | |
| ০২. | খোন্দকার মোস্তাফিজুর রহমান<br>মহাপরিচালক, BNM | ০১৭৭১৮৪৮৮৪০ | ০৪/০১/২০২১ |
| ০৩. | খন্দকার মুস্তাফিজুর রহমান<br>অতি: সচিব<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০১৭১১-৯৭৬৫০২ | ০৪/১/২০২১ |
| ০৪. | মনিরুল আলম<br>অতিরিক্ত সচিব<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০১৭১১-৮৫৪৮৬১ | ০৪.০১.২০২১ |
| ০৫. | মোঃ ইসরাফিল চৌধুরী<br>অতিরিক্ত সচিব<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | 01711144564 | 4/1/2021 |
| ০৬. | মোঃ নজরুল ইসলাম<br>সিনিয়র ম্যানেজার<br>ব্র্যাক প্রধান কার্যালয় | 01729 070400 | 04/01/2021 |

| | | | |
|---|---|---|---|
| ০৭. | ড. মো. মিজানুর রহমান<br>সভাপতি<br>বাংলাদেশ গ্রন্থাগার সমিতি | 01971020266 | [signature] 04/1/2020 |
| ০৮. | মো: সোমান হোসেন,<br>উপ-গ্রন্থাগারিক (প্রশাসন)<br>ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার | 01742895227 | [signature] |
| ০৯. | মোহাম্মদ জোবায়ের হোসেন<br>নির্বাহী পরিচালক<br>কবি নজরুল ইনস্টিটিউট | 01712084742 | [signature] |
| ১০. | ড. মোহাং হযরত আলী<br>এসোসিয়েট লিড<br>লাইব্রেরি অ্যাক্টিভিটিজ<br>ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশ | 01711698305 | [signature] |
| ১১. | ~~হাফিজুর রহমান<br>চেয়ারম্যান, [illegible]<br>লাইব্রেরিয়ান, [illegible]<br>ইউনিভার্সিটি~~ | | |
| ১২. | Hafiza Rahman<br>Chairman, BALID<br>Librarian, BGMEA<br>University of Fashion & Technology | 01700731710 | Hafiza [signature] 4/1/2021 |
| ১৩. | [illegible] জাহিদ মাহবুব<br>সহকারী পরিচালক (গ্রে ৩(২))<br>গণগ্রন্থাগার অধিদপ্তর | 01716039182 | [signature] 8/1/20 |
| ১৪. | ড. [illegible] (ই. [illegible]) | 01772223320 | [signature] 4/01/2021 |
| ১৫. | ফাতেমা খাতুন<br>লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক<br>পরিসংখ্যান ও [illegible], সমন্বয় [illegible] | 01962400854 | [signature] 08/01/2020 |

১৬ [illegible] চৌধুরী, লাইব্রেরিয়ান, [illegible] 01727329370 [signature] 08/01/2020

১৭. মো: রিয়াজ উদ্দিন উপ-পরিচালক, গগ্রঅ। 01916393874 [signature]

| | | | |
|---|---|---|---|
| ১৬. | অসীম কুমার দে, যুগ্মসচিব সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০১৮১৭২৭৩৭৭০ | [signature] 04/01/2021 |
| ১৭. | মোহাম্মদ আব্দুল্লাহেল বাকী, পরিচালক, [illegible] ঢাকা | ৭১১৯৪৬৯৬৯ | [signature] ১/২১ |
| ১৮. | [illegible] যুগ্মসচিব পরিচালক, [illegible] | | [signature] |
| ১৯. | [illegible] উপপরিচালক | | [signature] |
| ২০. | মো: নওশাদ হোসেন, উপসচিব সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | ০১৭৯৩০৪৭৫৭১ | [signature] ৪.১.২০২১ |
| ২১. | রওশন আক্তার, সহযোগী অধ্যাপক, তথ্যবিজ্ঞান ও গ্র: ব্যবস্থাপনা বিভাগ, ঢা:বি: | ০১৫৩৪৫২০৬০৭ | [signature] ৪.০১.২০২১ |
| ২২. | | | |
| ২৩. | | | |
| ২৪. | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' উপলক্ষে পর্যাপ্ত পরিমানের পোষ্টার এবং বড় ব্যানার তৈরির ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে। | | |
| | লেটার | প্রত্যেক বিভগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা পরিষদের কর্যালয় এবং সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়রদের বরাবর ডিও লেটার প্রেরণ | ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' অধিকতর জাঁকজমক ও উৎসাহ-উদ্দীপনার সাথে সারা বাংলাদেশ ব্যাপী উদযাপনে যথাসম্ভব সহযোগিতা করার অনুরোধ জানিয়ে দেশের সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, জেলা পরিষদের চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়রদের বরাবর ডিও লেটার প্রেরণের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত প্রকাশ করেন। | ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' অধিকতর জাঁকজমক ও উৎসাহ-উদ্দীপনার সাথে সারা বাংলাদেশ ব্যাপী উদযাপনে যথাসম্ভব সহযোগিতা করার অনুরোধ জানিয়ে দেশের সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, জেলা পরিষদের চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়রদের বরাবর ডিও লেটার প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ৮. | কমিটি গঠন | বিভাগীয় ও জেলা পর্যায়ে কমিটি গঠন | (১) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' অধিকতর জাঁকজমক ও উৎসাহ-উদ্দীপনার সাথে উদযাপনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি যেমন- র‍্যালি, আলোচনা সভা, বইপাঠ প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অয়োজনের নিমিত্ত বিভাগীয় ও জেলা পর্যায়ের স্থানীয় কমিটি গঠনের ক্ষেত্রে যথাসম্ভব জেলা প্রশাসকের কার্যালয়, সিটি কর্পোরেশন, জেলা পরিষদ এবং পৌরসভা হতে সদস্য রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) বিভাগীয় ও জেলা পর্যায়ে গঠিতব্য স্থানীয় কমিটিতে সংশ্লিষ্ট সংসদ সদস্যগণ/সিটি কর্পোরেশনের মেয়রদের উপদেষ্টা হিসেবে রেখে নিম্নোক্ত ভাবে কমিটি গঠন করা হল:<br>ক) পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান/জেলা প্রশাসক : সভাপতি<br>খ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ : সদস্য<br>গ) পুলিশ সুপার : সদস্য<br>ঘ) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি) : সদস্য<br>ঙ) অধ্যক্ষ, সরকারি কলেজসমূহ : সদস্য<br>চ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রতিনিধি : সদস্য<br>ছ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র : সদস্য<br>জ) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ : সদস্য<br>ঝ) জেলা শিক্ষা অফিসার : সদস্য<br>ঞ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : সদস্য<br>ট) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা : সদস্য<br>ঠ) জেলা তথ্য অফিসার : সদস্য<br>ড) জেলা কালচারাল অফিসার : সদস্য<br>ঢ) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি : সদস্য<br>ণ) জেলা প্রতিনিধি, ব্র্যাক : সদস্য<br>ত) প্রতিনিধি (জেলা বেসরকারি গ্রন্থাগার সমিতি) : সদস্য<br>থ) সাধারণ সম্পাদক, জেলা সদরে অবস্থিত ঐতিহ্যবাহী গ্রন্থাগার : সদস্য<br>দ) প্রধান শিক্ষক, জেলা স্কুল/জেলা সরকারি উচ্চ বিদ্যালয় : সদস্য<br>ধ) উপপরিচালক/ লাইব্রেরিয়ান, বিভাগীয়/জেলা সরকারি গণগ্রন্থাগার : সদস্য সচিব | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ৯. | বিবিধ | বিবিধ | (১) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' এর আমন্ত্রণপত্র গত বছরের ন্যায় সকল মন্ত্রণালয়, অধিদপ্তর, কলেজের অধ্যক্ষ, স্কুলের প্রধান মিক্ষকদেরকে বিতরণ করার বিষয়ে আলোচনা হয়।<br>(২) জাতীয় ও জেলা পর্যায়ের অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে সকল প্রতিষ্ঠান নিজ নিজ অনুষ্ঠানাদির আয়োজন করবে মর্মে সভায় উপস্থিত সকলে একমত প্রকাশ করেন।<br>(৩) দেশের সকল মন্ত্রণালয়ের আওতাধীন গ্রন্থাগারগুলো যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' এর কর্মসূচিতে অংশগ্রহণ করে সেজন্য সকল মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>(৪) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিগুলো যেন ৫ | (১) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' এর আমন্ত্রণপত্র গত বছরের ন্যায় বিতরণ করা হবে।<br>(২) জাতীয় ও জেলা পর্যায়ের অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে সকল প্রতিষ্ঠান নিজ নিজ অনুষ্ঠানাদির আয়োজন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) দেশের সকল মন্ত্রণালয়ের আওতাধীন গ্রন্থাগারগুলো যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' এর কর্মসূচিতে অংশগ্রহণ করে সেজন্য সকল মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে।<br>(৪) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিগুলো যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' গুরুত্বসহকারে পালন করে সেজন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর পত্র প্রেরণ করা হবে।<br>(৫) ব্র্যাক বইপাঠ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর, ব্র্যাক, ব্রিটিশ কাউন্সিল, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান। |